

■ শিক্ কী ও কেন?

বিভাগ/অধ্যায়ঃ প্রথম পরিচ্ছেদ রচয়িতা/সঙ্কলকঃ ড. মুহাম্মদ মুয্যাম্মিল আলী

দু'আ আল্লাহ তা'আলার ইবাদত

উপর্যুক্ত উভয় প্রকার দু'আ আল্লাহ তা'আলা ব্যতীত কোনো মানুষের নিকট চাওয়া যায় না। কেননা, তা আল্লাহর ইবাদাত-উপাসনার অন্তর্গত বিষয়। সে জন্য তিনি তা কেবল তাঁর কাছেই চাওয়ার নির্দেশ করে বলেন,

"আর তোমাদের প্রতিপালক বলেছেন: তোমরা আমাকে আহ্বান কর, আমি তোমাদের আহ্বানে সাড়া দেব।"[1] আবার দু'আ যে বিনয়ের সাথে করতে হবে, সে সম্পর্কে বলেছেন,

"তোমরা তোমাদের প্রতিপালককে বিনয় ও চুপিসারে আহ্বান কর, নিশ্চয় তিনি সীমালজ্ঘনকারীদের পছন্দ করেন না"।[2]

উক্ত আয়াত দু'টি দ্বারা প্রমাণিত হয় যে, আমাদের জীবনের যে সব কল্যাণ দান বা অকল্যাণ দূরীকরণ কোনো মানুষ করতে পারে না তা বিনয়ের সাথে কেবল আল্লাহ তা'আলার নিকটেই চাইতে হবে। এ জন্য কর্মের প্রয়োজন হলে কর্মের তৌফিকও তাঁর নিকটেই কামনা করতে হবে। তা না করে আমরা যদি জীবিত বা মৃত কোনো পীর বা অলির নিকটে তা কামনা করি, অথবা মৃত কোনো অলিকে এ জন্য আল্লাহর কাছে সুপারিশ করতে বলি, তা হলে এতে আল্লাহর রুব্বিয়্যাত ও উল্হিয়্যাতে শির্ক হবে। রুব্বিয়্যাতে শির্ক হবে এ জন্যে যে, আমরা আল্লাহর রুব্বিয়্যাতের আওতাধীন বিষয়কে তাঁদের নিকটে আছে বলে বিশ্বাস করছি। আর উল্হিয়্যাতে শির্ক হবে এ জন্যে যে, আমরা ভ্রম্ব আল্লাহ তা'আলাকে আহ্বান করার স্থানে অন্যকে আহ্বান করছি।

যারা আল্লাহ তা'আলাকে ব্যতীত অপর কাউকে আহ্বান করে, অপরের নিকট অনুশোচনা ও বিনয় প্রকাশ করে, তারা আল্লাহকে ব্যতীত অপরকেই তাদের ইলাহ বানিয়ে নেয়। এমন লোকদের পরিণতি সম্পর্কে আল্লাহ বলেন,

"যে আল্লাহর সাথে অপর কোনো ইলাহকে আহ্বান করে যে আহ্বানের বৈধতার পিছনে তার নিকট কোন দলীল প্রমাণ নেই, তার এ-আহ্বানের হিসাব রয়েছে তার প্রতিপালকের নিকট, বস্তুত কাফিরগণ কোন অবস্থাতেই কৃতকার্য হতে পারে না।"[3]

>

ফুটনোট





[1]. আল-কুরআন, সূরা মু'মিন : ৬০।

[2].আল-কুরআন, সূরা আ'রাফ : ৫৫।

[3]. আল-কুরআন, সূরা গাফির: ৪০।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12524

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন